দৈনিক সংগ্রাম

তারিখ 08 AUG 1991
পৃষ্ঠা ১ কলাম ৪

৫৩

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে স্বৈরাচার মুক্ত করার আহ্বান

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসির অপসারণ, তাকে সকল প্রকার প্রশাসনিক কার্যক্রম থেকে বিরত রাখা ও তদন্ত কমিশন রিপোর্ট বাস্তবায়নের দাবীতে ভিসির বাসভবনের সামনে সংগ্রামী ছাত্র ঐক্যের অবস্থান ধর্মঘট অব্যাহত রয়েছে। গতকাল ৭ম দিনের মত অবস্থান ধর্মঘট কর্মসূচী পালিত হয়। কর্মসূচী চলাকালে বিকেলে এইচএম মুয্যাম্মিলের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সমাবেশে বক্তারা বলেন, দেশে স্বৈরাচার মুক্ত গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠিত হলেও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এখনো স্বৈরাচার মুক্ত হয়নি। তারা ভিসির অপসারণ না হওয়া পর্যন্ত অবস্থান ধর্মঘট কর্মসূচী অব্যাহত রাখার সংকল্পও ঘোষণা করেন। তবে ভিসির অফিস ছাড়া শিক্ষা কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম নিয়মিতভাবে চালু রয়েছে।

ইসলামী ছাত্র শিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার এক জরুরী সভা বৈঠকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে স্বৈরাচারমুক্ত করার জন্য সরকারের প্রতি

(৮ম পৃঃ ৮-এর কঃ দেখুন)

## মুক্ত করার আহ্বান

প্রথম পাতার পর

দাবী জানানো হয়। হামিদুর রহমান আজাদের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে বলা হয়, ভিসিকে অপসারণ না করায় তিনি ভার্সিটি বন্ধ করার ষড়যন্ত্র চালাচ্ছেন।

সম্মিলিত ছাত্র ঐক্য পরিষদ দেশে সংসদীয় গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য সরকার ও জাতীয় সংসদ সদস্যদের অভিনন্দন জানিয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে স্বৈরাচারমুক্ত করার আহ্বান জানিয়েছে। গতকাল দুপুরে ফ্যাকাল্টিতে বেলায়েত হোসেন কাজলের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তারা অবিলম্বে তদন্ত কমিশন রিপোর্ট বাস্তবায়নের দাবী জানান।

### সংসদীয় গণতন্ত্র অভিনন্দিত

জাতীয় সংসদে সংবিধানের একাদশ ও দ্বাদশ সংশোধনী পাসে সরকার, প্রধানমন্ত্রী ও বিএনপি সরকারকে অভিনন্দন জানিয়ে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাতীয়তাবাদী শিক্ষক পরিষদ নেতৃবৃন্দ পৃথক পৃথক বিবৃতি দিয়েছেন। শিক্ষক সমিতি সভাপতি জনাব ইউসুফ শরীফ আহমদ খান ও জাতীয়তাবাদী শিক্ষক পরিষদ আহ্বায়ক ডঃ মাহফুজুল হক বিবৃতিতে বলেন, এই পদক্ষেপ দেশের অর্থনৈতিক উন্নয়নে ব্যাপক ভূমিকা রাখতে সক্ষম হবে।

ND STATISTICS    SHEET —— OF —— SHEETS

3. SYSTEM

4. DATE

62 63 64 65 66 67 68 69 70 71 72 73 74 75 76 77 78 79 80